

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
উন্নয়ন ২ শাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং- ৪৬.০৬৮.০১০.০০.০০.০৫০.২০২০-৩৭১

তারিখ: ২২ বৈশাখ ১৪২৭  
০৫ মে ২০২০

বিষয় : স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তাবায়নাধীন প্রকল্পের কাজ সম্পাদনের জন্য অনুসরণীয় নির্দেশনা।


সূত্র : জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং- ০৫.০০.০০০০.১৭৩.০৮.০১৪.০৭-১৩৫, তারিখ: ০৪/০৫/২০২০ খ্রিস্টাব্দ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তাবায়নাধীন প্রকল্পের কাজ সম্পাদনের জন্য নিম্নরূপ নির্দেশনা অনুসরণ করতে হবে:

- (১) প্রকল্প এলাকায় করোনা ভাইরাস রোগ (কভিড-১৯) বিষয়ক স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত নির্দেশনা সম্বলিত সাইনবোর্ড স্থাপন করতে হবে;
- (২) শারীরিক ও সামাজিক দূরত্ব রক্ষা করে প্রকল্পসমূহের কাজ সম্পাদন করতে হবে;
- (৩) প্রকল্প কাজে যে সকল শ্রমিক কাজ করবে তারা শারীরিকভাবে সুস্থ কি-না তা নির্ণয়ের জন্য থার্মাল স্ক্যানারের মাধ্যমে তাদের দেহের তাপমাত্রা পরীক্ষা করতে হবে;
- (৪) ট্রাকে করে নির্মাণ সামগ্রী সরবরাহের সময় ট্রাকের সামনে ব্যানারে এলজিইডি কর্তৃক বাস্তাবায়নাধীন সুনির্দিষ্ট প্রকল্পের নাম উল্লেখ থাকতে হবে;
- (৫) প্রকল্প কাজ সম্পাদনের জন্য শ্রমিকদের এলজিইডি'র নামাজিকৃত নির্দিষ্ট পোশাক পরিধান করতে হবে এবং প্রয়োজন অনুযায়ী মাস্ক, হ্যান্ডগ্লোভস, গামবুট, হেলমেট ব্যবহার করতে হবে;
- (৬) প্রকল্প এলাকায় নির্মাণ শ্রমিকদের জন্য সাবান পানি দিয়ে হাত ধোয়ার ব্যবস্থা থাকতে হবে এবং প্রয়োজন অনুযায়ী হ্যান্ড স্যানিটাইজার সরবরাহ করতে হবে;
- (৭) চলমান প্রকল্প এলাকায় কাজের সময় নির্দিষ্ট কাজের বিবরণ সম্বলিত সাইনবোর্ড স্থাপন করতে হবে;
- (৮) প্রকল্প কাজে নির্মাণ সংশ্লিষ্ট যন্ত্রপাতি ব্যবহারের ক্ষেত্রে স্বাস্থ্য সুরক্ষার বিষয়টি নিশ্চিত করতে হবে;
- (৯) প্রকল্প কাজে নিয়োজিত নির্মাণ শ্রমিকদের সামাজিক দূরত্ব বজায় রেখে নির্ধারিত নির্মাণ শেডে অবস্থান করতে হবে এবং প্রকল্প কাজ সমাপ্ত না হওয়া পর্যন্ত উক্ত প্রকল্প স্থানে অবস্থান করতে হবে;
- (১০) সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/ঠিকাদার প্রকল্প কাজে নিয়োজিত নির্মাণ শ্রমিকদের খাদ্য ও স্বাস্থ্য সামগ্রী সরবরাহ করবে;
- (১১) পাথর, সিমেন্ট বা অন্যান্য নির্মাণ সামগ্রী এক জেলা হতে অন্য জেলায় পরিবহনের প্রয়োজন হলে সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণের অনুমতি গ্রহণ করতে হবে;
- (১২) প্রয়োজন অনুসারে প্রকল্পের কাজ চালানোর লক্ষ্যে স্থানীয় প্রশাসনের জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসারের অনুমতি গ্রহণ করতে হবে;

(১৩) উল্লিখিত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করা হচ্ছে কি-না তা মাঠ পর্যায়ে তদারকির জন্য স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর একটি কমিটি গঠন করবে। উক্ত কমিটি ১৫ দিন পর পর প্রধান প্রকৌশলী বরাবর প্রতিবেদন দাখিল করবে।

সংযুক্তি: -----পাতা

  
১৭/২/২০২০  
(জেসমিন পারভীন)  
উপসচিব  
ফোন: ৯৫৭৫৫৬৭

✓  
প্রধান প্রকৌশলী  
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর  
আগারগাঁও, ঢাকা

স্মারক নং- ৪৬.০৬৮.০১০.০০.০০.০৫০.২০২০-৩৭১

তারিখ: ২২ বৈশাখ ১৪২৭  
০৫ মে ২০২০

অনুলিপি:

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। উপসচিব, বিধি-৪ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। অফিস কপি/মাস্টার কপি।

(জেসমিন পারভীন)  
উপসচিব